

## দেশে ৪০টি প্রাইভেট ইউনিভার্সিটি, আরো হচ্ছে ৫টি অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয় মুনাফালোভী 'কোচিং সেন্টার': ইউজিসি চেয়ারম্যান

দেশের অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয় এখন মুনাফা লাভকারী 'কোচিং সেন্টার' হিসেবে পরিচিত। একই বিশ্ববিদ্যালয়ে প্রয়োজনীয়সংখ্যক স্থায়ী শিক্ষক নেই। নেই নিজস্ব ক্যাম্পাস, পাঠাগার, ল্যাবরেটরি এবং অন্যান্য অবকাঠামোগত সুযোগ-সুবিধা। সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের খণ্ডকালীন শিক্ষকতার ওপর নির্ভর করেই চলছে এসব বিশ্ববিদ্যালয়।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান টি এম জাহরুল হক গতকাল বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের এ চিত্র তুলে ধরেন। 'বিজ্ঞান এবং তথ্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়' নামে নতুন একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকে সামনে রেখে ঢাকার ব্র্যাক সেন্টারে আয়োজিত 'প্রযুক্তি ও শিল্পভিত্তিক উচ্চ শিক্ষা' শীর্ষক সিম্পোজিয়ামে বক্তৃতায় তিনি এ কথা জানান। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষার ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার এবং বিশেষ অতিথি শিল্প প্রতিমন্ত্রী অধ্যাপক রেজাউল করিম বাসস।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান জানান, দেশে বর্তমানে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৪০টি। আরো ৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

তিনি জানান, দেশের উচ্চ শিক্ষার চাহিদা মেধারী উর্ভিচু শিক্ষার্থীদের ক্রমাগত তিড় এবং সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর আসন সংখ্যার অপ্রতুলতার কথা চিন্তা করে উচ্চ শিক্ষা সম্প্রসারণের উদ্দেশ্য নিয়ে ১৯৯২ সালে বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাশে জারি হয়। বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে কতোগুলো শর্ত পূরণ করতে হয়, কিন্তু এ সকল শর্ত পূরণ হচ্ছে না। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো ক্ষয়ক্ষতিদের কাছ থেকে বিরাট অংকের টাকা নিলেও উচ্চ শিক্ষার উপযুক্ত পরিবেশ তারা পাচ্ছে না। ফলে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে উচ্চ শিক্ষা দানের যে উদ্দেশ্য বহুতর ব্যয়ন আশা করা হয়েছিল, তা ব্যাহত হচ্ছে। তিনি দেশে সরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বর্তমানে ১৭টি বলেও সিম্পোজিয়ামে তথ্য জানান।

সিম্পোজিয়ামে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষার ব্যারিস্টার

জমিরউদ্দিন সরকার ১৯৯২ সালে তিনি শিক্ষামন্ত্রী থাকাকালে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সূচনা কিভাবে হয়, তা উল্লেখ করেন। শিক্ষার বলেন, উচ্চ শিক্ষার দ্বার থেকে বিপুলসংখ্যক মেধারী যাতে বঞ্চিত না হয়, সে লক্ষ্যেই বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ আমরা নেই এবং জাতীয় সংসদে এ বিষয়ে শিক্ষামন্ত্রী হিসেবে বিল উপস্থাপন করি।

এ প্রসঙ্গে তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন চেয়ারম্যানের বক্তব্যের উদ্ধৃতি দিয়ে বলেন, আজ ভালো লাগছে যে, দেশে ৪০টি বেসরকারি বিশ্ববিদ্যালয় হয়েছে এবং আরো ৫টি শিগগিরই হতে যাচ্ছে। তবে তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কিংবা বুয়েট থেকে শিক্ষক এনে খণ্ডকালীন লেকচার দেওয়ার মাধ্যমে প্রকৃত উচ্চ শিক্ষা প্রদান সম্ভব নয়। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে যদি উপযুক্ত স্থায়ী শিক্ষক না থাকে, তাহলে এই ভালো উদ্যোগটি ভেঙে যাবে। তিনি দেশের সমস্যা, বেকারত্ব এবং কর্মসংহ্রানের কথা চিন্তা করে বিশ্ববিদ্যালয়গুলোতে যান্ত্রিক বিশ্ব চাপের পরামর্শ দেন।

তথ্য প্রযুক্তির কথা উল্লেখ করে শিক্ষার ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, তথ্যপ্রযুক্তি শিক্ষা এবং ব্যবহার করে ভারত কিভাবে এগিয়ে যাচ্ছে, তা আমাদের চোখের সামনে উদাহরণ। এ ক্ষেত্রে তিনি উঠর এ মজিদ খানের নতুন চিন্তা-বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সাফল্য কামনা করেন। সিম্পোজিয়ামে প্রস্তাবিত নতুন 'তথ্য প্রযুক্তি ও বিজ্ঞান বিশ্ববিদ্যালয়' এর প্রসঙ্গকটাস বর্ণনা করেন ইনভিটেশনডেন্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা সভাপতি উঠর এ মজিদ খান।

এতে যোগ্য বক্তব্য দেন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের সভাপতি ব্যারিস্টার মির্জা সালাম ইম্পাহানি, ভারতের জওহর লাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জে আর জরোরা ও থাইল্যান্ডের সাইয়াম বিশ্ববিদ্যালয়ের সভাপতি উঠর পঞ্চচাই মংহনডানিত। উল্লেখ্য, ইনফরমেশন সায়েন্স এন্ড টেকনোলজি সল্যুশন (আইএনটিএস) সিম্পোজিয়ামের আয়োজন করে।